‘শর্ত সাপেক্ষে’ ফেরার ইঙ্গিত ইমাদ ওয়াসিমের

গেল বছরের নভেম্বরে হঠাৎ করেই আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানিয়েছিলেন পাকিস্তানের অলরাউন্ডার ইমাদ ওয়াসিম। তবে দুই মাস না পেরোতেই অবসর ভেঙে জাতীয় দলে ফেরার ইঙ্গিত দিয়েছেন এই পাক অলরাউন্ডার। তবে কিছু শর্ত জুড়ে দিয়েছেন ইমাদ।

সম্প্রতি পাকিস্তানের একটি গণমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে অবসর ভেঙে আন্তর্জাতিক ক্রিকেটে ফেরার ইঙ্গিত দিয়ে ইমাদ বলেন, ‘আমি শতভাগ নিশ্চিত হয়েই সিদ্ধান্ত নিয়েছিলাম। দিন শেষে এটা আমারই সিদ্ধান্ত। কিন্তু আপনি জানেন না, কখন আপনাকে দলের প্রয়োজন হবে।’

জাতীয় দলের ফেরার ইঙ্গিত দিলেও সঙ্গে একটি শর্ত জুড়িয়ে দিয়েছেন ইমাদ। তিনি আরও বলেন, ‘আমি আমার ভূমিকা সম্পর্কে স্পষ্ট ধারণা চাই। এটা আমাকে দায়িত্ব দেওয়ার বিষয়, একজন অধিনায়ক হিসেবেই নয়, সিনিয়র খেলোয়াড় হিসেবেও। পাকিস্তান সঠিক ক্রিকেট খেলুক, এটাই আমি চাই, ঠিক সমন্বয় আর ঠিক কৌশলে খেলুক।’

গেল বছরের নভেম্বরে সামজিক যোগাযোগমাধ্যম এক্সে এক বার্তায় অবসরের ঘোষণা দিয়ে ইমাদ বলেছিলেন, ‘গত কয়েক দিনে আমার আন্তর্জাতিক ক্যারিয়ার নিয়ে অনেক ভেবেছি। এরপর এই সিদ্ধান্তে এসেছি যে আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নেওয়ার এটিই সঠিক সময়। অনেক বছর ধরেই সহায়তা করার জন্য পিসিবিকে ধন্যবাদ দিতে চাই। পাকিস্তানের প্রতিনিধিত্ব করা সত্যিই সম্মানের।’

সূত্র: ইত্তেফাক

অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ টস হেরে

বোলিংয়ে বাংলাদেশ

সেমিফাইনালে ওঠার দৌড়ে সুপার সিক্সের ম্যাচে নেপাল অনূর্ধ্ব-১৯ দলের বিপক্ষে মাঠে নেমেছে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দল। মানগাউং ওভালে টস জিতে মাহফুজুর রহমানের দলকে বোলিং করতে পাঠিয়েছে নেপাল।

এর আগে চলতি আসরে গ্রুপ ‘এ’তে তিন ম্যাচ খেলে দুই ম্যাচ জিতে ৪ পয়েন্ট নিয়ে সুপার সিক্সে জায়গা করে নেয় বাংলাদেশ। অন্যদিকে গ্রুপ ‘ডি’তে তিন ম্যাচ খেলে দুই জয় এবং এক হার নিয়ে টেবিলের ৩ নম্বরে থেকে সুপার সিক্সে জায়গা করে নেয় হিমালয়ের দেশ নেপাল।

যদিও অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের ইতিহাসে আগে কখনো মুখোমুখি হয়নি বাংলাদেশ ও নেপাল। তবে শক্তির দিক দিয়ে নেপাল থেকে বেশ এগিয়ে থাকবে ২০২০ সালের অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ বিজয়ী বাংলাদেশ।

বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ একাদশ: আশিকুর রহমান শিবলী, জিসান ইসলাম, চৌধুরী মোঃ রিজওয়ান, আরিফুল ইসলাম, আহরার আমিন, মোঃ শিহাব জেমস, মাহফুজুর রহমান (অধিনায়ক), শেখ পাভেজ জীবন, বর্ষন, মোঃ ইকবাল হাসান ইমন, মারুফ মৃধা।

নেপাল অনূর্ধ্ব-১৯ একাদশ: অর্জুন কমল, বিপিন রাওয়াল, আকাশ ত্রিপাঠি, ডেভ কানাল (অধিনায়ক), বিশাল বিক্রম, গুলশান ঝা, দীপক ভোহরা, ডিপেশ কান্ডাল, সুবেশ ভান্ডারি, আকাশ চান্দ, দুর্গেশ গুপ্তা।

সূত্র: ইত্তেফাক

উত্তেজনাপূর্ণ ম্যাচে কুমিল্লাকে হারালো রংপুর

বাংলাদেশ প্রিমিয়ার লিগে (বিপিএল) বর্তমান চ্যাম্পিয়ন কুমিল্লা ভিক্টোরিয়ান্সকে হারিয়েছে রংপুর রাইডার্স। কুমিল্লাকে ৮ রানে

হারিয়ে টুর্নামেন্টে তৃতীয় জয় তুলে নিয়েছে রংপুর।

মঙ্গলবার (৩০ জানুয়ারি) সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে টস জিতে ব্যাট করার সিদ্ধান্ত নেন রংপুরের অধিনায়ক নুরুল হাসান সোহান। প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ১৬৫ রান সংগ্রহ করেছে রংপুর রাইডার্স। দলের পক্ষে বাবর আজম ৩৬ বলে ৩৭ ও আজমতুল্লাহ ওমরজাই ২০ বলে করেন ৩৬ রান।

১৬৬ রানের টার্গেটে ব্যাট করতে নেমে শুরতেই উইকেট হারায় কুমিল্লা। রানের খাতা খোলার আগেই সাজঘরে ফিরে যান ওপেনার লিটন দাস। এরপর ক্রিজে আসা মাইদুল অঙ্কনকে সঙ্গে নিয়ে শুরুর ধাক্কা সামাল দেন মোহাম্মদ রিজওয়ান।

৫৯ রানের জুটি গড়েন এই দুই ব্যাটার। দলীয় ৬০ রানে ২১ বলে ১৭ রান করে আউট হন রিজওয়ান। এরপর ক্রিজে আসা তাওহিদ হৃদয়কে সঙ্গে নিয়ে ব্যাট করতে থাকেন অঙ্কন।

সাবলীল ব্যাটিংয়ে ফিফটি তুলে নেন অঙ্কন। তবে দলীয় ১১৩ রানে ৫৫ বলে ৬৩ রান করে আউট হন কুমিল্লার এই ব্যাটার।

শেষ দিকে রংপুরের বোলারদের নিয়ন্ত্রিত বোলিংয়ে ২০ ওভারে ৬ উইকেট হারিয়ে ১৫৭ রান সংগ্রহ করতে সক্ষম হয় কুমিল্লা। ৮ রানের জয় নিয়ে মাঠ ছাড়ে রংপুর রাইডার্স।

সূত্র: ইত্তেফাক

প্রথম জয়ের খোঁজে ব্যাটিংয়ে সিলেট

বাংলাদেশ প্রিমিয়ার লিগে (বিপিএল) চট্টগ্রাম চ্যালেঞ্জার্সের বিপক্ষে মাঠে নামছে সিলেট স্ট্রাইকার্স। সোমবার (২৯ জানুয়ারি) সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে টস জিতে ব্যাট করার সিদ্ধান্ত নিয়েছে সিলেট।

টুর্নামেন্টে এখনো জয়ের দেখা পায়নি সিলেট স্ট্রাইকার্স। তিন ম্যাচ খেলে সবগুলোতেই হারের মুখ দেখেছে মাশরাফি বিন মর্তুজার নেতৃত্বাধীন সিলেট। ঘরের মাঠে প্রথম জয়ের লক্ষ্যে মাঠে নামছে দলটি।

অন্যদিকে বিপিএলের এবারের আসরে ছন্দে রয়েছে চট্টগ্রাম চ্যালেঞ্জার্স। ৪ ম্যাচ খেলে ৩টিতে জয় পেয়েছে বন্দর নগরীর দলটি। ৬ পয়েন্ট নিয়ে পয়েন্ট টেবিলের দুই নম্বরে আছে দলটি।

সিলেট স্ট্রাইকার্স একাদশ: নাজমুল হোসেন শান্ত, মোহাম্মদ মিঠুন (উইকেটরক্ষক), রায়ান বার্ল, আরিফুল হক, জাকির হাসান, সামিত প্যাটেল, হ্যারি ট্যাক্টর, মাশরাফি মুর্তজা (অধিনায়ক),দুশান হেমন্ত, তানজিম হাসান সাকিব, রেজাউর রহমান রাজা।

চট্টগ্রাম চ্যালেঞ্জার্স একাদশ: আভিস্কা ফার্নান্দো, তানজিদ হাসান তামিম, শাহাদাত হোসেন দিপু, নাজিবউল্লাহ জাদরান, শুভাগত হোম (অধিনায়ক), টম ব্রুস (উইকেটরক্ষক), সৈকত আলী, নিহাদুজ্জামান, শহীদুল ইসলাম, আল-আমিন হোসেন ও বিলাল খান।

সূত্র: ইত্তেফাক

ডাবলসে শিরোপা জিতল ভারতীয় তারকা

অস্ট্রেলিয়ান ওপেনের পুরুষ ডাবলসে ইতালির টেনিস তারকা সাইমন বোলেনি এবং আন্দ্রিয়া বাবসোরিরকে ৭-৬ এবং ৭-৫ ব্যবধানে হারিয়েছে ভারতের টেনিস তারকা রোহান বোপান্না এবং অস্ট্রেলিয়ার ম্যাথু এবডেন। প্রথমবারের মতো এই ভারতীয় তারকা ৪৩ বছর বয়সে এসে ডাবলসে গ্র্যান্ড স্ল্যাম জিতেছেন।

সেই সাথে চলতি আসরে সবচেয়ে বেশী বছর বয়সী খেলোয়াড় ছিলেন ভারতের রোহন বোপান্না। সেই সঙ্গে তিনি ১৯৬৮ সালে পর অস্ট্রেলিয়ান ওপেনে একমাত্র খেলোয়াড় যিনি কিনা ৪৩ বছর বষয়ে এই গ্র্যান্ড

স্ল্যাম চ্যাম্পিয়ন হলেন। ১ ঘন্টা ৩৯ মিনিট ধরে চলে এই ম্যাচ।

এরআগে বোপান্না ২০১০ এবং ২০২৩ সালে পুরুষদের ডাবলসে সেরা পারফরম্যান্স করেছিলেন। সেবার তিনি ইউএস ওপেনে ফাইনালে উঠেন। যদিও দেখা পাননি শিরোপার। এছাড়াও ২০২২ সালে ফরাসি ওপেন এবং ২০১৩, ২০১৫ এবং ২০২৩ সালে উইম্বলডনের সেমিফাইনাল পর্যন্ত খেলেছিলেন তিনি।

টস জিতে ফিল্ডিংয়ে তামিমের বরিশাল

বাংলাদেশ প্রিমিয়ার লিগে (বিপিএল) ফরচুন বরিশালে বিপক্ষে মাঠে নামছে চট্টগ্রাম চ্যালেঞ্জার্স। শনিবার (২৭ জানুয়ারি) সিলেটে টস জিতে চট্টগ্রামকে ব্যট করতে পাঠিয়েছেন বরিশালের অধিনায়ক তামিম ইকবাল।

ফরচুন বরিশাল একাদশ: তামিম ইকবাল (অধিনায়ক), আহমেদ শেহজাদ, সৌম্য সরকার, মুশফিকুর রহিম (উইকেটরক্ষক), মাহমুদউল্লাহ, মেহেদি হাসান মিরাজ, দুনিথ ওয়েল্লেগে, আব্বাস আফ্রিদি, কামরুল ইসলাম, তাইজুল ইসলাম, ইয়ানিক ক্যারিয়া।

চট্টগ্রাম চ্যালেঞ্জার্স একাদশ: আভিষ্কা ফার্নান্দো, তানজিদ হাসান তামিম, ইমরান উজ্জামান, শাহাদাত হোসেন, নাজিবুল্লাহ জাদরান, শুভাগত হোম (অধিনায়ক), কার্টিস ক্যাম্পার, শহিদুল ইসলাম, নিহাদুজ্জামান, বিলাল খান ও আল-আমিন হোসেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পারিবারিক ইস্যুতে বিপিএল ছাড়লেন শোয়েব মালিক

চলতি বিপিএলে ফরচুন বরিশালের হয়ে খেলছেন পাকিস্তানের অলরাউন্ডার শোয়েব মালিক। ঢাকা পর্ব শেষে দল সিলেটে গেলেও সেখানে যাননি তিনি। হঠাৎ করেই দুবাইয়ের উদ্দেশে ঢাকা ত্যাগ করেছেন এ ক্রিকেটার। এবার জানা গেছে, ঘরোয়া এই টুর্নামেন্টের দশম আসরে আর খেলবেন না শোয়েব মালিক।

মূলত, পারিবারিক কারণেই সেখানে গেছেন তিনি। জানা গেছে, গত মঙ্গলবারই (২৩ জানুয়ারি) দুবাইয়ের উদ্দেশে ঢাকা ছেড়েছিলেন তিনি। সেখানে গিয়েই পারিবারিক ঝামেলার কথা বরিশাল কর্তৃপক্ষকে অবহিত করেছেন তিনি।

আজ বৃহস্পতিবার (২৫ জানুয়ারি) গণমাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছেন দলটির মালিক মিজানুর রহমান।

এদিকে শোয়েবের জায়গায় নতুন করে শুক্রবার দলটিতে যোগ দিচ্ছেন আরেক পাকিস্তানি ক্রিকেটার আহমেদ শেহজাদ। এ ছাড়া ক্যারিবিয়ান কাইল মায়ার্সও দ্রুতই দলের সঙ্গে যোগ দেবেন।

সানিয়া মির্জার সঙ্গে বিচ্ছেদ ও তৃতীয় বিয়ে ইস্যুতে বেশ কয়েক দিন ধরেই আলোচনায় শোয়েব মালিক। বিপিএলে নিজেদের প্রথম ম্যাচের ঠিক আগমুহূর্তে তৃতীয় বিয়ের খবর জানিয়েছিলেন তিনি। নানান আলোচনা- সমালোচনার মাঝে মাঠে নেমে রানখরায় ভুগেছেন তিনি।

ফরচুন বরিশালের হয়ে তিন ম্যাচে সব মিলিয়ে মোটের ওপর ২৯ রান পেয়েছেন মালিক। প্রথম ম্যাচে ১৭ রানের পর পরের দুই ম্যাচে তার ব্যাট থেকে এসেছে ৫ ও ৭ রান। এ ছাড়া বল ঘুরিয়ে তিন ম্যাচে তার শিকার এক উইকেট।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

২০২২ বিশ্বকাপ আয়োজকের দেশ কাতার থেকে পাট চুকিয়ে ঘরে ফেরার পথে ভারত। অস্ট্রেলিয়া এবং উজবেকিস্তানের পর সিরিয়ার কাছে পরাস্ত ভারত গ্রুপ পর্বে টানা তিন ম্যাচ হারল। এশিয়ান কাপের শেষ ষোলোয় উঠে গেল সিরিয়া। সাত বছর পর এই টুর্নামেন্টের কোনো ম্যাচ জিতল সিরিয়া। ভারত এবং সিরিয়া, এই দুই দলই একটিও ম্যাচ না জিতে গতকাল কাতারের আল বায়াত স্টেডিয়ামে লড়াইয়ে নেমেছিল।

শুরু থেকেই সুনীলদের চাপে ফেলেন সিরিয়ার আক্রমণভাগ। মুহুর্মুহু আক্রমণে দিশেহারা হয়ে যায় ভারতীয় ডিফেন্স। গোলরক্ষক গ্রুরপ্রীত সিং সান্ধুর কারণে কয়েক বার নিশ্চিত গোলের হাত থেকে বেঁচে যায় ভারত। হাজার আক্রমণ করেও গোলমুখ খুলতে পারেনি সিরিয়া। তবে দ্বিতীয়ার্ধে চাপ আরও বাড়িয়ে গোল পায়। ম্যাচে নামার আগেই সুনীল স্বীকার করেছিলেন, গোল করতে না পারাটা তাদের দলের কাছে বড় সমস্যা।

সূত্র: ইত্তেফাক